১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
www.nationalsavings.gov.bd

নং- ০৮.০৪.০০০০.০০৬.১১.০৯৭.১৬-২৪০০

তারিখঃ ২০ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ।
০৫ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্তে পার্শ্বে উল্লেখিত জেলার প্রকৃত স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত "ছক" মোতাবেক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র/নং | পদের নাম ও শূন্য পদের সংখ্যা | গ্রেড/বেতন স্কেল | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ০১ | হিসাব রক্ষক<br>০৭ (সাত) টি | গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ১৮ হতে ৩০ বৎসর (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩২ বৎসর) | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। | সকল জেলার প্রার্থীগণ। |
| ০২ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>০৪ (চার) টি | গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ১৮ হতে ৩০ বৎসর (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩২ বৎসর) | জাতীয় শিক্ষা কার্যক্রমের আওতাভূক্ত কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা অবশ্যই থাকতে হবে। কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ২৫ ও ৩০ এবং শর্টহ্যান্ডে ৭০ ও ১০০ শব্দের গতি থাকতে হবে। | |
| ০৩ | উচ্চমান সহকারী<br>০৪ (চার) টি | গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ১৮ হতে ৩০ বৎসর (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩২ বৎসর) | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী। | |
| ০৪ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>০২ (দুই) টি | গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ১৮ হতে ৩০ বৎসর (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩২ বৎসর) | জাতীয় শিক্ষা কার্যক্রমের আওতাভূক্ত কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা অবশ্যই থাকতে হবে। কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ২৫ ও ৩০ এবং শর্টহ্যান্ডে ৬০ ও ৮০ শব্দের গতি থাকতে হবে। | |
| ০৫ | গাড়ী চালক<br>০১(এক) টি | গ্রেড-১৫<br>৯৭০০-২৩৪৯০/- | ১৮ হতে ৩০ বৎসর (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩২ বৎসর) | ৮ম শ্রেণি পাসসহ মটর ভেহিক্যাল এ্যাক্ট অনুযায়ী বৈধ লাইসেন্স প্রাপ্ত। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | |
| ০৬ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>২৮ (আটাশ) টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ১৮ হতে ৩০ বৎসর (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩২ বৎসর) | জাতীয় শিক্ষা কার্যক্রমের আওতাভূক্ত কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা অবশ্যই থাকতে হবে। বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে কম্পিউটারে ২০ ও ২০ শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। | |
| ০৭ | ডাটা এন্ট্রি অপারেটর<br>০২ (দুই) টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ১৮ হতে ৩০ বৎসর (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩২ বৎসর) | জাতীয় শিক্ষা কার্যক্রমের আওতাভূক্ত কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা অবশ্যই থাকতে হবে। বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। প্রার্থীদের ডাটা এন্ট্রি অপারেটিংয়ে Standard aptiude Test-এ উত্তীর্ণ হতে হবে। | |
| ০৮ | অফিস সহায়ক<br>১০ (দশ) টি | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ১৮ হতে ৩০ বৎসর (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩২ বৎসর) | ৮ম শ্রেণি পাস। | |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

শর্তাবলী ঃ

০১। (ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত **"ছক" মোতাবেক আবেদনপত্র মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এন,এস, সি টাওয়ার), ১৮ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০ বরাবর আগামী ১০-১১-২০১৬ খ্রিঃ তারিখ অথবা তৎপূর্বে অফিস চলাকালীন সময়ের মধ্যে উল্লিখিত ঠিকানায় অবশ্যই ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।**

(খ) সম্প্রতি তোলা ৫×৫ সে.মি. সাইজের সত্যায়িত ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি, ট্রেজারী চালানের মূল কপি, আবেদনকারীর নামসহ পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) লেখা ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাক টিকেট সংযুক্ত আনুমানিক ১০´´×৪.৫´´ মাপের একটি খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এছাড়া অন্য কোন কাগজপত্র দাখিলের প্রয়োজন নেই।

(গ) নিয়োগ পরীক্ষার ফি বাবদ প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে **মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা**-এর অনুকূলে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে কোড নং **১-১১৫১-০০০০-২০৩১** এ ক্রমিক ০১ হতে ০৭ পর্যন্ত পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক ০৮ এ বর্ণিত পদের জন্য ৫০(পঞ্চাশ) টাকা ট্রেজারি চালানের মাধ্যমে জমা করে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

(ঙ) আবেদপত্র প্রেরণের **খামের বাম পার্শ্বের উপরের অংশে অবশ্যই স্পষ্ট অক্ষরে পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটা উল্লেখ করতে হবে।** অন্যথায় আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(চ) ১০-১১-২০১৬ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান (পুত্র/কন্যা) এবং প্রতিবন্ধী আবেদনকারী প্রার্থীদের বয়স সর্বোচ্চ ৩২ বছর এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা কোটায় আবেদকারী প্রার্থীদের বয়স সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি এবং ০১ (এক) সেট ফটোকপি একজন প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নাম, পদবী সম্বলিত সীল, স্বাক্ষর ও তারিখসহ সত্যায়নপূর্বক অবশ্যই দাখিল করতে হবে।

(ক) সকল শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতার মূল/সাময়িক সনদের মূল ও সত্যায়িত কপি।

(খ) স্থায়ী ঠিকানার স্বপক্ষে স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নিজ জেলা উল্লেখপূর্বক নাগরিকত্ব সনদের মূল ও সত্যায়িত কপি।

(গ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদের মূল কপি।

(ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কোটা, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটাসহ অন্যান্য বিশেষ কোটায় নিয়োগ লাভে প্রত্যাশী প্রার্থীদেরকে সরকার কর্তৃক ঘোষিত যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদের মূল ও সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রদত্ত সনদপত্র গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী হতে হবে।

(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের ক্ষেত্রে যথাক্রমে তার পিতা/মাতা এবং দাদা/দাদী/নানা/নানী'র অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের মূল ও সত্যায়িত কপি, আবেদনকারী মহিলা মুক্তিযোদ্ধার সন্তান হলে আবেদনকারী যে মহিলা মুক্তিযোদ্ধার সন্তান এই মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের মূল/সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের মূল ও সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(চ) এতিম/শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজ কল্যাণ অধিদপ্তরের নিবন্ধনকরণ সনদের মূল ও সত্যায়িত কপি।

০৩। কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য নয়।

০৫। সরকারী নীতিমালা মোতাবেক বিভিন্ন কোটা (এতিম, শারীরিক প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ইত্যাদি) সংরক্ষণ করা হবে।

০৬। অস্পষ্ট/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত একই খামের মধ্যে একাধিক আবেদনপত্র অথবা আবেদপত্রের গায়ে কোন প্রকার সুপারিশ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭। আবেদপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র সর্বাধিক উপযুক্ত প্রার্থীগণকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য ডাকা হবে।

০৮। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার দৈনিক/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

০৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। এই নিয়োগ বিজ্ঞপ্তির সকল বা আংশিক শর্ত সংশোধন/পরিমার্জন বা এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১। শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। এই নিয়োগ বিজ্ঞপ্তিটি জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েবসাইট (www.nationalsavings.gov.bd/www.nationalsavings.portal.gov.bd) এ পাওয়া যাবে।

# আবেদনপত্রের নমুনা ছক

৫X৫ সে.মি.
সাইজের ছবি
সম্প্রতি তোলা ৩ কপি

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নামঃ | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বরঃ | তারিখঃ | |
| ৩. | প্রার্থীর নাম | বাংলায়ঃ | |
| | | ইংরেজী (বড় অক্ষরে)ঃ | |
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বরঃ | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর ঃ | | |
| ৫. | জন্ম তারিখঃ | ৬. জন্মস্থান (জেলা) ঃ | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বছর | মাস / দিন |
| ৮. | মাতার নামঃ | | |
| ৯. | পিতার নামঃ | | |

| | ঠিকানা | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | বাসা ও সড়ক (নাম/নম্বর)ঃ | | |
| | গ্রাম/পাড়া/মহল্লাঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ডঃ | | |
| | ডাকঘরঃ | | |
| | পোস্ট কোড নম্বরঃ | | |
| | উপজেলাঃ | | |
| | জেলাঃ | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগঃ মোবাইল/টেলিফোন নম্বরঃ | ই-মেইল (যদি থাকে)- | |
| ১২. | জাতীয়তাঃ | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্মঃ | ১৫. | পেশাঃ |

১৬. শিক্ষাগত যোগ্যতাঃ

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)ঃ | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ | | | |
| ১৯. | কোটা (টিক দেন)ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র-নৃ গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন)ঃ |
| ২০. | চালান নম্বরঃ | | তারিখঃ | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন)ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ                                                            প্রার্থীর স্বাক্ষর

০৫/১০/২১

(আয়েজউদ্দিন আহমেদ)
পরিচালক (প্রশাসন ও জনসংযোগ)
ফোনঃ ০২-৯৫৮৮৪১০
ই-মেইলঃ ayezuahmed@yahoo.com